পুরান ঢাকায় ভবন থেকে জবি ছাত্রদল নেতার রক্তাক্ত মরদেহ উদ্ধার



সংগৃহীত ছবি

রাজধানীর পুরান ঢাকার আরমানিটোলায় একটি ভবনের সিঁড়ি থেকে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ছাত্রদল নেতার মরদেহ উদ্ধার করেছে পুলিশ। নিহত শিক্ষার্থী ছুরিকাঘাতে মারা গেছেন বলে প্রাথমিকভাবে ধারণা করা হচ্ছে।

রাজধানীর পুরান ঢাকার আরমানিটোলা-মাহুতটোলার একটি পরিত্যক্ত ভবন থেকে জগন্নাথ বিশ্ববিদ্যালয় (জবি) শাখা ছাত্রদল নেতার রক্তাক্ত মরদেহ উদ্ধার করেছে পুলিশ।

রোববার (১৯ অক্টোবর) সন্ধ্যার দিকে স্থানীয়রা ভবনের সিঁড়িতে মরদেহ দেখতে পেয়ে পুলিশে খবর দেয়। পরে বংশাল থানা পুলিশ ঘটনাস্থলে গিয়ে মরদেহটি উদ্ধার করে।

নিহত শিক্ষার্থীর নাম জুবায়েদ হোসেন। তিনি জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ১৫তম ব্যাচের শিক্ষার্থী এবং শাখা ছাত্রদলের আহ্বায়ক কমিটির সদস্য ছিলেন। পাশাপাশি তিনি বিশ্ববিদ্যালয়ের কুমিল্লা জেলা ছাত্রকল্যাণ সমিতির সভাপতি হিসেবেও দায়িত্ব পালন করছিলেন।

বংশাল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) রফিকুল ইসলাম জানান, “প্রাথমিকভাবে ধারণা করা হচ্ছে, ছুরিকাঘাতে জুবায়েদ হোসেনের মৃত্যু হয়েছে। ভবনটিতে তার টিউশনের বাসা ছিল। মৃত্যুর কারণ নিশ্চিত হতে তদন্ত চলছে।”